Advertisement

আনন্দবাজার পত্রিকা অনলাইন
০৪ ফেব্রুয়ারি ২০২৫



# দুঃসাহস দমনের চেষ্টা, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে র‍্যাগিংয়ে অভিযুক্তদের মার্কশিট না-দেওয়ার সিদ্ধান্ত

যাদবপুরের অ্যান্টি র‍্যাগিং কমিটির সিদ্ধান্ত, র‍্যাগিংয়ে যাঁরা জড়িত, বিশ্ববিদ্যালয়ে তাঁদের পঠনপাঠন চললেও পরীক্ষার ফলাফলের মার্কশিট তাঁদের দেওয়া হবে না।




যাদবপুর বিশ্ববিদ্যালয়। —ফাইল চিত্র।

**নিজস্ব সংবাদদাতা**

শেষ আপডেট: ১৩ জানুয়ারি ২০২৫ ০৭:৩৩

Share: Save:

Advertisement

প্রায় দেড় বছর আগের র‍্যাগিং-ক্ষত জড়িয়ে আছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে। মেন হস্টেলের তেতলা থেকে পড়ে প্রথম বর্ষের নবাগত ছাত্র মৃত্যুর পরে সরাসরি অভিযুক্তদের পুলিশ ধরলেও যাদবপুরের র‍্যাগিং-কাণ্ডের অনেক পুরোধাই বহাল তবিয়তে বিশ্ববিদ্যালয়ে বা হস্টেলে দাপিয়ে বেড়াচ্ছেন বলে অভিযোগ। নানা ভাবে চেষ্টা করেও সেই ‘দোষীদের’ বিরুদ্ধে ছিটোফোঁটা পদক্ষেপ করতে পারেননি যাদবপুর কর্তৃপক্ষ। উল্টে র‍্যাগিংয়ে জড়িতেরা ‘ক্যাম্পাস ইন্টারভিউ’ মারফত কাঙ্ক্ষিত চাকরি পেয়ে যাচ্ছেন বলেও শোনা যাচ্ছে। অবশেষে এই বিষয়টি নিয়ন্ত্রণে জরুরি পদক্ষেপ করেছেন যাদবপুর কর্তৃপক্ষ। সম্প্রতি যাদবপুরের অ্যান্টি র‍্যাগিং কমিটির বৈঠকে র‍্যাগিংয়ে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা কার্যকর করতে নতুন কিছু সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

যাদবপুরের অ্যান্টি র‍্যাগিং কমিটির সিদ্ধান্ত, র‍্যাগিংয়ে যাঁরা জড়িত, বিশ্ববিদ্যালয়ে তাঁদের পঠনপাঠন চললেও পরীক্ষার ফলাফলের মার্কশিট তাঁদের দেওয়া হবে না। ফলে যাদবপুর থেকে বেরিয়ে কারও নতুন চাকরিতে যোগদান সহজ না-ও হতে পারে বলে মনে করা হচ্ছে। গত সপ্তাহে বিশ্ববিদ্যালয় পরিস্থিতি নিয়ে আলোচনায় বসে যাদবপুরের অ্যান্টি র‍্যাগিং কমিটি। তখনই যাদবপুরে র‍্যাগিংয়ে জড়িতদের মার্কশিট আটকে রাখার কথা ভাবা হয়। ঘটনা হচ্ছে, ২০২৩-এর ১০ অগস্ট যাদবপুরের মেন হস্টেলের তেতলা থেকে পড়ে ছাত্রের মৃত্যুর এক বছর পরে অ্যান্টি র‍্যাগিং স্কোয়াড ও অ্যান্টি র‍্যাগিং কমিটির সুপারিশের ভিত্তিতে চিহ্নিত ৩২ জন পড়ুয়াকে কারণ দর্শানোর চিঠি (শো-কজ়) পাঠান বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। সেই ৩২ জনের মধ্যে ১৪ জনের বিরুদ্ধে পকসো আইনের ধারায় পুলিশের মামলা চলছে। তাঁরা এখন জেলে। আলিপুর কোর্টে মামলার সাক্ষ্য চলছে পুরোদমে। এবং সম্প্রতি একটি মামলায় হাই কোর্ট ওই অভিযুক্তদের জামিন না-দেওয়ার মতই প্রকাশ করেছে। কিন্তু আরও বেশ কয়েক জন পড়ুয়া যাদবপুরের ওই র‍্যাগিংয়ে জড়িত বলে যাদবপুর কর্তৃপক্ষ মনে করলেও তাঁদের শাস্তি দিতে ব্যর্থ হয়েছেন।

Advertisement

শো-কজ়ের চিঠি পাঠানোর পরে ইতিমধ্যে কয়েক জন ছাত্রকে (প্রাক্তন ও বর্তমান) বিশ্ববিদ্যালয় চত্বর থেকে সাময়িক বহিষ্কার বা কয়েকটি সিমেস্টার সাসপেন্ড করার সিদ্ধান্ত নেন যাদবপুর কর্তৃপক্ষ। কিন্তু ১৫ জন পড়ুয়া হাই কোর্টে গেলে বিষয়টি নিয়ে জটিলতা তৈরি হয়েছে। হাই কোর্ট আপাতত ওই ১৫ জনের বিরুদ্ধে যাদবপুর কর্তৃপক্ষের শাস্তিমূলক পদক্ষেপে স্থগিতাদেশ দিয়েছে। ফলে হস্টেল বা বিশ্ববিদ্যালয়ের শিক্ষাঙ্গনে তাঁরা বহাল তবিয়তেই ঘুরছেন, ক্লাস করছেন বা পরীক্ষা দিচ্ছেন। সম্প্রতি র‍্যাগিংয়ের অন্যতম অভিযুক্ত, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের চতুর্থ বর্ষের এক ছাত্র ক্যাম্পাস ইন্টারভিউ মারফত চাকরি পেয়েছেন বলেও দাবি। যাদবপুরের অ্যান্টি র‍্যাগিং কমিটির সাম্প্রতিক বৈঠকে বিষয়টি নিয়ে আলোচনা উঠে আসে। তখনই সিদ্ধান্ত হয়, কোর্টের নির্দেশ মেনে



অভিযুক্ত ছাত্রদের যাদবপুরে ক্লাস করা বা হস্টেলে থাকতে দেওয়া হলেও কোর্টের নির্দেশ ছাড়া কাউকে পরীক্ষার মার্কশিট দেওয়া হবে না।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের একাংশের আশা, এই বিষয়টি কার্যকর করা গেলে বেপরোয়া ছাত্র মহলে হয়তো একটা বার্তা যাবে। র‍্যাগিংয়ের দুঃসাহস একটু হলেও ধাক্কা খাবে।

মেন হস্টেলে ২০২৩-এর অগস্টের ঘটনাটির পরেও অবশ্য যাদবপুরে হস্টেলে বা অন্যত্র বিক্ষিপ্ত র‍্যাগিংয়ের ঘটনা ঘটেছে। সেই প্রেক্ষিতেও অ্যান্টি র‍্যাগিং স্কোয়াডের সাম্প্রতিক সিদ্ধান্ত সদর্থক বলে মনে করা হচ্ছে। আজ, সোমবার আলিপুর কোর্টে পকসো বিশেষ আদালতে ২০২৩-এর অগস্টের র‍্যাগিংয়ে মৃত্যুর মামলার শুনানি হওয়ার কথা।

**(এই প্রতিবেদনটি আনন্দবাজার পত্রিকার মুদ্রিত সংস্করণ থেকে নেওয়া হয়েছে)**

অন্য বিষয়গুলি: Jadavpur University Ragging in JU Jadavpur University Student Death

সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহূর্তে। ফলো করুন আমাদের মাধ্যমগুলি:

Advertisement


## আরও পড়ুন




নির্বাচনী বিধিভঙ্গের অভিযোগ, পুলিশকে চড় আপ সমর্থকের! আতিশীর বিরুদ্ধে জোড়া মামলা



‘একটু দেখবেন, আসছি’! আর ফেরেননি মা, সিজিও কমপ্লেক্সের কাছ থেকে উদ্ধার দুই শিশু



নিয়মিত বিমানে চড়েন, ভ্রমণের নতুন পরিভাষা ‘আইল লাইস’ কী, জানেন?



রাগ যখন-তখন মাথায় চ যায়? দিনের কোন সময়গুলিতে রাগ করা উ নয় জানেন?

Upto 15% Discount for Salaried.
30 Day Return Policy, High Cover at Affordable Rates with ICICI Pru iProtect Smart *T&C
**ICICI Pru Life Insurance Plan** | Sponsored
Click

একবার এটি খেলে আপনার পুরুষত্ব ১০ গুণ বৃদ্ধি পাবে।
কিভাবে করবেন তা জানতে ক্লিক করুন
**TANTRA MAX** | Sponsored
এখনই

He is Earning Monthly Upto 1 Lakh with Algo Trading With This Strategy !
Join Our Live Algo Trading Workshop and Automate Your Trades For FREE.
**TradeWise** | Sponsored
Learn

Term plan with 99.17% Claim Settlement Ratio for FY24!
**ICICI Pru Life Insurance Plan** | Sponsored
Get Q

Stock Market Expert Prabhu Revealing His "Strategy for 2025"
Trade Like a Pro With This Swing Trading Masterclass by Prabhu Sir, Sign Up For Success !
**TradeWise** | Sponsored
Learn

Philips Brings You to KBC
Philips + KBC: Your path to the Hotseat is just one purchase away!
**Philips Air Fryer** | Sponsored

Get a ₹1CR LifeCover at ₹448/mth today with Axis Max Life.
30% Discount for Salaried women with Axis Max Life Insurance! *T&C Apply
**Axis Max Life Insurance** | Sponsored
Get Q

Best brand for designer 2BHK interiors! Starting @ ₹2.5L!
**HomeLane** | Sponsored
Get Q

Income >10L? Get 1Cr Term Plan
Are you salaried? Then get a 15% discount on your term plan with Axis Max Life. Get a ₹1CR Life Cover at just ₹527/month today with Axi Max Life
**Axis Max Life Insurance** | Sponsored
Get Q

Khud Ko Test Kartey Raho
Keep Testing Yourself with Agilus Diagnostics
**Agilus Diagnostics** | Sponsored
Book

Your Gateway to India's Top 50 Companies
Explore how SIP is a smart tool to plan for your financial goals. Request a call back today.
**HDFC MF – Index Fund** | Sponsored
Learn

Complete Care Diabetes & Heart - Advance
Get your heart & diabetes tested at Agilus Diagnostics, because you become stronger when you keep testing yourself.
**Agilus Diagnostics** | Sponsored
Book

Best place to get designer, modular kitchens! From ₹1.75L
HomeLane | Sponsored
Get Q

বন্ধ কামরায় মহিলার সঙ্গে ঘনিষ্ঠ 'সরকারি কর্মচারী'! বিতর্ক শুরু হতেই সরানো হল ভিডিয়ো
Anandabazar

বাদ পড়েন না অলকা বা শ্রেয়াও! গানের মঞ্চে সম্মতিহীন চুম্বন করতেই কি ভালবাসেন উদিত?
Anandabazar

Aim to Achieve Financial Goals with SIP [Learn More]
Looking for long-term investment plans? Discover investment plans with HSBC Mutual Funds and start your journey today.
HDFC MF – Index Fund | Sponsored
Learn

Neurologist: 9 Out of 10 People with Neuropathy Overlook This Key Insight
This revolutionary neuropathy massager is designed to provide targeted relief for nerve discomfort. Engineered with advanced technology, it promotes circulat and relaxation.
Nerve Relief | Sponsored
Read

Amazon CFD: your chance for second income
Earn Second Income [Find out]
AMZN.IN | Sponsored
Try N

Neurologist: 97% of People With Neuropathy Don't Know This Crucial Thing
This revolutionary neuro massager is designed to provide soothing relief and promote relaxation. With its advanced technology, it targets tension at its source, helping you unwind and rejuvenate.
Nerve Relief | Sponsored
Read

This Rs.1999 Smartwatch surprises the whole country!
This new smartwatch is taking over India. See why it's gaining popularity quickly and selling out everywhere
Online Journal | Sponsored
Learn

উঠে যাবে স্কুল! চন্দ্রকোনায় শিক্ষকহীন শিক্ষাকেন্দ্রে পড়ুয়াদের নিয়ে 'শেষ' বাণীবন্দনা, আয়োজনে গ্রামবাসী
Anandabazar

তোলাবাজির অভিযোগ করেছিলেন আইপ্যাকের বিরুদ্ধে, সেই মদন ক্ষমা চেয়ে চিঠি লিখলেন বক্সীকে
Anandabazar

Every Indian Should Get This Incredible Rs.1999 Smartwatch
This new smartwatch is taking over India. See why it's gaining popularity quickly and selling out everywhere
Online Journal | Sponsored
Learn

SBI Life - Smart Platina Supreme
SBI Life | Sponsored
Learn

Writing in English Doesn't Have to Feel Hard
Effortlessly translate into English and 18 other languages with Grammarly.

Grammarly | Sponsored
Learn

**Follow us on**

**News**
Kolkata
West Bengal
India
World
Sports
Entertainment
Business
Science

**Opinion**
Editorial
Letters to the Editor

**Living**
Lifestyle
Travel
Recipes
Book Review
Horoscope

**More**
Ananda Utsav
Photo
Video
Robibashoriyo
Patrika

**Company**
Terms of Use
About Us
Advertise with us
Privacy Policy

**Download the latest Anandabazar app** GET IT ON Google Play | Download on the App Store

**Websites** The Telegraph online | edugraph

© 2025 ABP Pvt. Ltd.